



সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৭-০৬(২৮৪)

তারিখ : ১৯ জুলাই ২০২০

সকল শাখা ব্যবস্থাপক/

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/

সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়

কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : ২০২০-২০২১ অর্থবছরের ফরেন রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিদেশে কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা বাংলাদেশে অবস্থানরত তাঁদের আত্মীয়-স্বজন/পরিচিতিজনদের নিকট নির্বিঘ্নে ও দ্রুততম সময়ে পৌঁছে দেয়ার লক্ষ্যে এনসিসি ব্যাংকের সাব-এজেন্ট হিসেবে কর্মসংস্থান ব্যাংকে ০৭.০৩.২০১৭ তারিখ হতে ফরেন রেমিট্যান্স ডেলিভারী কার্যক্রম শুরু হয়। সরকারি এ কার্যক্রমে অংশগ্রহণ করায় দেশে-বিদেশে ব্যাংকের প্রচার, সুনাম ও পরিচিতি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

০৩। রেমিট্যান্স সেল গঠনকালে প্রতিমাসে ২২ কার্যদিবস বিবেচনায় প্রতি শাখার রেমিট্যান্স পরিশোধের সংখ্যা ২২টি ধরা হলেও নভেল করোনা ভাইরাস সৃষ্ট (কোভিড-১৯) বর্তমান পরিস্থিতিতে লক্ষ্যমাত্রা অর্জনের সুবিধার্থে ২০২০-২০২১ অর্থবছরে প্রতি শাখায় মাসে কমপক্ষে ১৫ (পনের)টি করে রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো।

০৪। ক) শাখার রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত যথাযথ মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল আঞ্চলিক ব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়কে অনুরোধ করা হলো।

খ) যে সকল শাখায় ১০০% বা এর অধিক হারে রেমিট্যান্স পরিশোধের লক্ষ্যমাত্রা অর্জিত হবে, সে সকল শাখার রেমিট্যান্স পরিশোধ কাজে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নামে প্রশংসাপত্র দেয়া হবে।

০৫। এ বিষয়ে আরও স্পষ্টীকরণের প্রয়োজন হলে রেমিট্যান্স সেলের সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ রায়হানুল ইসলাম (ফোন : ০২-৪১০৫০৫৭৮, মোবা: ০১৭০৮-৩৯৭৩৪১, ০১৭১৭-৬৭২৪৩৯) অথবা সিনিয়র অফিসার জনাব মোঃ রাশেদুল ইসলাম (মোবা: ০১৭০৮-৩৯৭১০০) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশেষ

(মোঃ আলা উদ্দিন)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৪১০৫০৫৮৫

তারিখ : ১৯

সূত্র নং- ৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৭- ০৪(২৮৪)/২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েব সাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৪। সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;

০৬। বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৭। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ উপবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৮। অফিস নথি।